



বিষয় : 'দুই খেয়া'-র লেখক পরিচিতি ও বিষয় আলোচনা

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'দুই খেয়া' গল্পের লেখকের নাম হল —
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) বলাই চাঁদ মুখোপাধ্যায়
(গ) প্রমেন্দ্র মিত্র (ঘ) মানিক বন্দ্যোপাধ্যায়
- ২। বলাই চাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম (Pen Name) কি?
(ক) পরশুরাম (খ) ভানুসিংহ
(গ) বনফুল (ঘ) অনিলা দেবী
- ৩। বলাইচাঁদের জন্ম হয়েছিল কত খ্রীষ্টাব্দে?
(ক) ১৮৯৬ খ্রীঃ (খ) ১৮৯৭ খ্রীঃ
(গ) ১৮৯৮ খ্রীঃ (ঘ) ১৮৯৯ খ্রীঃ
- ৪। 'বনফুলের' পিতার নাম কি?
(ক) সত্যচরণ মুখোপাধ্যায় (খ) সত্যভূষণ মুখোপাধ্যায়
(গ) বিষ্ণুচরণ মুখোপাধ্যায় (ঘ) বিধুভূষণ মুখোপাধ্যায়
- ৫। বনফুলের জন্মস্থান কোথায় ছিল?
(ক) বিহারের পূর্ণিয়ার মণিহারী গ্রামে (খ) কলকাতার জোড়াসাঁকো
(গ) হুগলীর দেবানন্দপুর (ঘ) বাংলাদেশের বরিশাল
- ৬। বলাইচাঁদের পিতা পেশায় কি ছিলেন?
(ক) ব্যারিস্টার (খ) ব্যবসায়ী
(গ) ডাক্তার (ঘ) ইঞ্জিনিয়ার
- ৭। 'দুই বন্ধু নদীতীরে এসে দাঁড়াল,' — 'দুই খেয়া' গল্পের এই দুই বন্ধুর নাম কি?
(ক) উমেশ ও নবীন (খ) ইন্দ্র ও শ্রীকান্ত
(গ) মৃত্যুঞ্জয় ও নিখিল (ঘ) অপু ও সতে
- ৮। 'তখন খেয়ার সময় উত্তীর্ণ হয়ে গেছে।' - 'খেয়া' শব্দের অর্থ কি?
(ক) বড় জাহাজ (খ) নদী পারাপারের নৌকা
(গ) মালবোঝাই নৌকা (ঘ) কোনটি নয়
- ৯। 'উত্তীর্ণ' শব্দের অর্থ কি?
(ক) পাশ করা / সময় পার হওয়া (খ) ওঠাপড়া
(গ) হিসাব নিকাশ (ঘ) কোনটি নয়
- ১০। 'সুপারিশ' শব্দের অর্থ হল —
(ক) আদেশনামা (খ) পরোয়ানা
(গ) অন্যের জন্য অনুরোধ (ঘ) কোনটি নয়

- ১১। ‘_____ ভর্তি হবার শেষ দিন।’ - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে ?
(ক) আজই (খ) কালই
(গ) পরশুই (ঘ) কোনটি নয়
- ১২। উমেশ জিজ্ঞাসা করলে — ‘সাঁতার জানিস?’ — উমেশ কাকে এ কথা বলেছিল ?
(ক) নবীনকে (খ) রমেশকে
(গ) অপুকে (ঘ) বিপিনকে
- ১৩। ‘কয়েক _____ হেঁটে নদী পার হয়ে তবে ট্রেনে চড়তে হয়।’ - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে ?
(ক) ঘন্টা (খ) মাইল
(গ) ক্রোশ (ঘ) মিনিট
- ১৪। ‘কিংকর্তব্যবিমূঢ়’ শব্দের অর্থ হল —
(ক) হতবুদ্ধি হওয়া (খ) কর্তব্য না করা
(গ) বোকা (ঘ) জড়বুদ্ধি
- ১৫। ‘নদীর উপর ঝুঁকে পড়েছিল একটা _____ গাছ কিছু দূরে।’ - শূন্যস্থানে বসবে —
(ক) নারকেল গাছ (খ) বট গাছ
(গ) তাল গাছ (ঘ) খেঁজুর গাছ

Amit Kundu
